দৈনিক
ইত্তেফাক

তারিখ : 20 JUN 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬

# মির্জাপুরে স্কুলের কমিটি গঠনে অনিয়ম

■ মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে ম্যানেজিং কমিটি গঠনের অভিযোগ পাওয়া গেছে। ওই কমিটি বাতিলের দাবিতে শিক্ষার্থী এবং অভিভাবকরা উপজেলা নির্বাহী অফিসার, শিক্ষা অফিসার, উপজেলা চেয়ারম্যান ও স্থানীয় সংসদ সদস্যদের কাছে স্মারকলিপি দিয়েছেন।

জানা গেছে, উপজেলা নির্বাহী অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর লিখিত অভিযোগে জানা গেছে, দাতা সদস্য নির্বাচনের ক্ষেত্রে ১৮০ দিন পূর্বে ২০ হাজার টাকা স্কুলের ফান্ডে জামা দিয়ে সদস্য হতে হবে। কিন্তু এই বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে তা অনুসরণ করা হয়নি। প্রধান শিক্ষক জাকির হোসেন সরকারি বিধি উপেক্ষা করে তার নিজের পছন্দের নির্বাচিত করেছেন। এই অবৈধ ম্যানেজিং কমিটি গঠনের খবর এলাকায় ছড়িয়ে পড়লে উত্তেজনা দেখা দেয়।

প্রধান শিক্ষক জাকির হোসেনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, সকল নিয়মকানুন মেনেই ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে। এছাড়া তার বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম দুর্নীতির কথা তিনি অস্বীকার করেন। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মো. মাসুম আহমেদ ও মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাকির হোসেন মোল্লা বলেন, অভিযোগ পাওয়া গেছে তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।